"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা "

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ শিশু একাডেমি
দিনাজপুর জেলা শাখা ।

মেমো নম্বর : ৩২.০৩.২৭০০.০০১.২৩.০০৩.২৩.২৭(১০০)

তারিখ : ০৩ জ্যৈষ্ঠ ১৪৩০বঙ্গাব্দ
১৭ মে ২০২৩ খ্রি:

বিষয় : জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এঁর ১৪২তম জন্মবার্ষিকী ১৪৩০/২০২৩ উদযাপন প্রসঙ্গে ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সবিনয়ে জানাচ্ছি যে, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এঁর ১৪২তম জন্মবার্ষিকী ১৪৩০/২০২৩ উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসন, দিনাজপুর এবং বাংলাদেশ শিশু একাডেমি, দিনাজপুর জেলা শাখার উদ্যোগে আগামী ১০ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ ২৪ মে ২০২৩ খ্রি: বুধবার শিশুদের কবিতা আবৃত্তি ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে ।

উক্ত কর্মসূচিতে আপনার প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রী/সদস্য/সদস্যাদের অংশগ্রহন ও আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি ।

| তারিখ ও সময় | কর্মসূচি সমূহ | স্থান |
|---|---|---|
| ১০ জ্যৈষ্ঠ ১৪৩০বঙ্গাব্দ<br>২৪ মে ২০২২<br>বুধবার<br>বেলা ১১.৩০ ঘটিকায় | কবিতা আবৃত্তি প্রতিযোগিতা<br>ক-বিভাগ-শিশু শ্রেণি থেকে দ্বিতীয় শ্রেণি,<br>কবিতার নাম- প্রভাতী -১৯ লাইন<br>খ-বিভাগ-তৃতীয় শ্রেণি থেকে ষষ্ঠ শ্রেণি<br>কবিতার নাম- লিচুচোর -১৪ লাইন<br>গ-বিভাগ-সপ্তম শ্রেণি থেকে দশম শ্রেণি<br>কবিতার নাম- বিদ্রোহী -১৪ লাইন | বাংলাদেশ শিশু একাডমি<br>দিনাজপুর জেলা শাখা |
| ১০ জ্যৈষ্ঠ ১৪৩০বঙ্গাব্দ<br>২৪ মে ২০২২<br>বুধবার<br>বেলা ১২.৩০ ঘটিকায় | রচনা লিখন প্রতিযোগিতা<br>গ-বিভাগ-সপ্তম শ্রেণি থেকে দশম শ্রেণি<br>বিষয় : জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এঁর জীবনী (১২০০শব্দ) | বাংলাদেশ শিশু একাডমি<br>দিনাজপুর জেলা শাখা |
| ১১ জ্যৈষ্ঠ ১৪৩০বঙ্গাব্দ<br>২৫ মে ২০২৩ খ্রি:<br>বৃহস্পতিবার<br>সকাল ১০.০০ ঘটিকায় | আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ | জেলা শিল্পকলা একাডমি<br>দিনাজপুর |

১৭.০৫.২০২৩
মো: আকতারুজ্জামান
জেলা শিশু বিষয়ক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ শিশু একাডেমি
দিনাজপুর জেলা শাখা

প্রাপক
অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সাধারণ সম্পাদক

.........................................................দিনাজপুর ।

অনুলিপি-সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ।
১। জেলা প্রশাসক ও সভাপতি, বাংলাদেশ শিশু একাডেমি, দিনাজপুর ।
২। পুলিশ সুপার, দিনাজপুর ।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক ( সার্বিক ), দিনাজপুর।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ও সহ-সভাপতি,বাংলাদেশ শিশু একাডেমি, দিনাজপুর।
৫। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর । শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারের জন্য অনুরোধ করা হলো ।
৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর। শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারের জন্য অনুরোধ করা হলো
৭। অফিস নথি ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
দিনাজপুর।
www.deodinajpur.gov.bd

স্মারক নং- জেশিঅ/দিনাজ/২০২৩/৭৮০ তারিখ ঃ ২৮/০৫/২০২৩

অনুলিপি ঃ জ্ঞাতার্থে/কার্যার্থে-

০১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), দিনাজপুর। (পত্রের মর্মানুযায়ী বর্ণিত পত্রটি পৃষ্ঠাঙ্কন করে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিষয়টি অবহিত করণ ও কার্যকরী ব্যবস্থা নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

০২। সংরক্ষণ নথি।

(মোঃ রফিকুল ইসলাম)
জেলা শিক্ষা অফিসার
দিনাজপুর।
০৫৩১-৬৫০৮৬
dinajpurdeo2008@yahoo.com

## প্রভাতী

ভোর হল
দোর খোল
খুকুমণি ওঠো রে!
ঐ ডাকে
যূঁই-শাখে
ফুল-খুকি ছোট রে!
খুকুমণি  ওঠো রে!
রবি মামা
দেয় হামা
গায়ে রাঙা জামা ঐ,
দারোয়ান
গায় গান
শোনো ঐ, 'রামা হৈ!'
ত্যজি নীড়
করে ভিড়
ওড়ে পাখি আকাশে,
এন্তার
গান তার
ভাসে ভোর বাতাসে।
চুলবুল
বুলবুল
শিস দেয় পুষ্পে,



## লিচু-চোর

বাবুদের তাল-পুকুরে
হাবুদের ডাল কুকুরে
সে কি বাস করলে তাড়া,
বলি থাম একটু দাঁড়া।
পুকুরের ঐ কাছে না
লিচুর এক গাছ আছে না
হোথা না আস্তে গিয়ে
য়্যাব্বড় কাস্তে নিয়ে
গাছে গ্যে যেই চড়েছি
ছোট এক ডাল ধরেছি,
ও বাবা, মড়াৎ করে
পড়েছি সড়াৎ জোরে!
পড়বি পড় মালির ঘাড়েই,
সে ছিল গাছের আড়েই।
ব্যাটা ভাই বড় নচ্ছার।
ধুমাধুম গোটা দুচ্চার
দিলে খুব কিল ও ঘুসি
একদম জোরসে ঠুসি!
আমিও বাগিয়ে থাপড়
দে হাওয়া চাগিয়ে কাপড়
লাফিয়ে ডিঙনু দেয়াল,
দেখি এক ভিটরে শেয়াল!
আরে ধ্যাৎ শেয়াল কোথা?
ভোলাটা দাঁড়িয়ে হোথা!



## বিদ্রোহী

বলো    বীর—
বলো  উন্নত    মম    শির!
শির নেহারি আমার নতশির ওই শিখর হিমাদ্রির!
বলো    বীর—
বলো  মহাবিশ্বের মহাকাশ ফাড়ি
চন্দ্র সূর্য গ্রহ তারা ছাড়ি
ভূলোক দ্যুলোক গোলোক ভেদিয়া
খোদার আসন 'আরশ' ছেদিয়া,
উঠিয়াছি চির-বিস্ময় আমি বিশ্ব-বিধাত্রীর!
মম    ললাটে রুদ্র ভগবান জ্বলে রাজ-রাজটিকা দীপ্ত জয়শ্রীর!
বলো  বীর—
আমি চির-উন্নত শির!
আমি  চিরদুর্দম, দুর্বিনীত নৃশংস,
মহা-  প্রলয়ের আমি নটরাজ, আমি সাইক্লোন, আমি ধ্বংস!
আমি  মহাভয়, আমি অভিশাপ পৃথ্বীর,
আমি দুর্বার,
আমি  ভেঙে করি সব চুরমার!
আমি  অনিয়ম উচ্ছৃঙ্খল,
আমি  দলে যাই যত বন্ধন, যত নিয়ম কানুন শৃঙ্খল!
আমি  মানি না কো কোনো  আইন,
আমি  ভরা-তরী করি ভরা-ডুবি, আমি টর্পেডো, আমি ভীম
ভাসমান মাইন।